



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১০৯

পররাষ্ট্র প্রতিমন্ত্রী আজ বাঘা-চারঘাট আসবেন

রাজশাহী; ২৩ অগ্রহায়ণ (০৮ ডিসেম্বর):

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো: শাহরিয়ার আলম, এমপি আজ বৃহস্পতিবার (০৮ ডিসেম্বর) তিন দিনের সরকারি সফরে রাজশাহীর বাঘা-চারঘাট আসবেন। তিনি সড়কপথে বিকাল তিনটায় বাঘা এসে পৌঁছবেন।

সফরসূচি অনুযায়ী প্রতিমন্ত্রী আজ বিকাল চারটায় চারঘাট উপজেলার চককৃষ্ণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত ভবন উদ্বোধন করবেন। বিকাল সাড়ে চারটায় চারঘাট পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত আন্তঃওয়ার্ড মেয়রকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে যোগদান করবেন।

পরদিন শুক্রবার সকাল দশটায় বাঘা উপজেলা পরিষদ মিলনায়তনে দুর্নীতি প্রতিরোধ দিবসের আলোচনা সভায় যোগদান করবেন। বেলা এগারোটায় একই স্থানে বেগম রোকেয়া দিবসের আলোচনা সভায় উপস্থিত থাকবেন। বেলা বারটায় চারঘাটের শলুয়া ইউনিয়নের ২নং হলদিগাছি ওয়ার্ড আওয়ামী লীগের সদ্য প্রয়াত সভাপতি বীর মুক্তিযোদ্ধা আফতাব আলী খানের স্মরণে আয়োজিত দোয়া মাহফিলে উপস্থিত থাকবেন। তিনি বিকাল চারটায় রাজশাহী শিল্পকলা একাডেমিতে আয়োজিত ৮৫ ব্যাচের ২০২২ উৎসব অনুষ্ঠানে যোগদান করবেন।

শনিবার বেলা এগারোটায় রাজশাহী নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক আড়ানী সরকারি মনোমোহনী উচ্চ বিদ্যালয়ে আয়োজিত বাঘা উপজেলার গুড় ব্যবসায়ীদের প্রশিক্ষণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। তিনি বিকাল সাড়ে তিনটায় আলাইপুর উচ্চ বিদ্যালয়ের নবনির্মিত একাডেমিক ভবন উদ্বোধন ও বিকাল সাড়ে চারটায় মীরগঞ্জ উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত শেখ রাসেল কাপ ফুটবল টুর্নামেন্ট-২০২২ এর ফাইনাল খেলায় উপস্থিত থাকবেন।

এদিন প্রতিমন্ত্রী সন্ধ্যা ছয়টায় সড়ক পথে ঢাকার উদ্দেশে রাজশাহী ত্যাগ করবেন।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২২/১.৩০.ঘ.